



নং-৫৮.০৪.০০০০.০২২.১২.০১৮.২০২১-৪৪০ (১০০)

তারিখ: ১২ শ্রাবণ ১৪২৮
২৭ জুলাই ২০২১

অফিস আদেশ

সাম্প্রতিক সময়ে দেশের বিভিন্ন কারাগারে মাদকদ্রব্য, অবৈধ মোবাইল ফোন ব্যবহার ও ক্যান্টিনের মালামাল অতিরিক্ত মূল্যে বিক্রয় হচ্ছে মর্মে বিভিন্ন গণমাধ্যমে খবর প্রকাশিত হচ্ছে। তাছাড়া বিভিন্ন গোয়েন্দা সংস্থার মাধ্যমেও উক্ত বিষয়ের সত্যতা রয়েছে বলে জানা যায়। এমতাবস্থায় দেশের বিভিন্ন কারাগারে মাদকদ্রব্য, অবৈধ মোবাইল ফোনসহ অন্যান্য অবৈধ দ্রব্যাদি উদ্ধার ও ক্যান্টিনের মালামাল যৌক্তিক মূল্যে বিক্রয় নিশ্চিতের লক্ষ্যে নিম্নোক্ত টাস্কফোর্স গঠন করা হলো।

১. সংশ্লিষ্ট বিভাগের কারা উপ মহাপরিদর্শক : সভাপতি।
২. কারা উপ মহাপরিদর্শক কর্তৃক মনোনীত ০১ জন সিনিয়র জেল সুপার/জেল সুপার : সদস্য।
৩. পরিদর্শনকারী কারাগারের সিনিয়র জেল সুপার/জেল সুপার : সদস্য।
৪. পরিদর্শনকারী কারাগারের জেলার : সদস্য।
৫. সংশ্লিষ্ট কারাগার কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত ০১ জন ডেপুটি জেলার : সদস্য।

কমিটির কার্যপরিধি:

১. কমিটি সংশ্লিষ্ট বিভাগের প্রতিটি কারাগারে মাসে অন্তত একবার আকস্মিক পরিদর্শন করে কারাভ্যন্তরে মাদক দ্রব্য, অবৈধ মোবাইল ফোন ও অন্যান্য অবৈধ দ্রব্যাদিসহ ঝুঁকিপূর্ণ ও বিপদজনক দ্রব্য উদ্ধার এবং ক্যান্টিনের দ্রব্যমূল্য সঠিকতা নিশ্চিতের প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন এবং পরিদর্শন প্রতিবেদন মাসিক ভিত্তিতে মাসের ৭ তারিখের মধ্যে কারা অধিদপ্তরে প্রেরণ করবেন;
২. কমিটি কারা অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক যে কোনো মুহর্তে যে কোনো কারাগার পরিদর্শন করবেন ;
৩. উক্ত পরিদর্শন কারা উপ মহাপরিদর্শকগণের রুটিন পরিদর্শনের অন্তর্ভুক্ত হবে না।


মোঃ আব্বার হোসেন

কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোন:৫৭৩০০৪৪৪ (দপ্তর)
addl.ig@prison.gov.bd

নং-৫৮.০৪.০০০০.০২২.১২.০১৮.২০২১-৪৪০ (১০০)

তারিখ: ১২ শ্রাবণ ১৪২৮
২৭ জুলাই ২০২১

বিতরণ :

১. কারা উপ মহাপরিদর্শক,সকল বিভাগ;
২. সিনিয়র জেল সুপার, সকল কেন্দ্রীয় কারাগার; এবং
৩. জেল সুপার, সকল জেলা কারাগার।

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে:

১. সহকারী কারা মহাপরিদর্শক (সকল) কারা অধিদপ্তর, ঢাকা।;
২. পরিচালক ইনচার্জ, কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট, কারা অধিদপ্তর, ঢাকা;
৩. প্রশাসনিক কর্মকর্তা-১/২, বাজেট অফিসার/স্টাফ অফিসার/পরিসংখ্যানবিদ কারা অধিদপ্তর, ঢাকা;
৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা,প্রিজন ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা;
৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা; বিবেচ্য পত্রটি কারা অধিদপ্তরের নিজস্ব ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো;
৬. শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা;
৭. কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ-মহাপরিদর্শক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা; বিষয়টি কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ-মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য; এবং
৮. গার্ডফাইল।


মোঃ আব্বার হোসেন

কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোন:৫৭৩০০৪৪৪ (দপ্তর)
addl.ig@prison.gov.bd